নবী সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লামের দু’জন সাহাবী অন্ধকার রাতে তাঁর নিকট থেকে বাইরে গমন করেন। আর তাদের সম্মুখভাগে দু’টো প্রদীপের ন্যায় আলো বিদ্যমান ছিল।

আনাস রাদিয়াল্লাহু ‘আনহু থেকে বর্ণিত, নবী সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লামের দু’জন সাহাবী অন্ধকার রাতে তাঁর নিকট থেকে বাইরে গমন করেন। আর তাদের সম্মুখভাগে দু’টো প্রদীপের ন্যায় আলো বিদ্যমান ছিল। পরে যখন তারা একে অপর থেকে আলাদা হয়ে গেলেন, তখনও প্রত্যেকের সঙ্গে একটি করে আলো ছিল। যতক্ষণ না তাদের প্রত্যেকে নিজ নিজ গৃহে
পৌঁছে গেলেন।
[সহীহ] [এটি বুখারী বর্ণনা করেছেন।]

এ হাদীসটিতে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সাহাবীদের থেকে দুই ব্যক্তির সুস্পষ্ট কারামত পরিলক্ষিত। কোনো কোনো হাদীসের বর্ণনায় এসেছে এ দুইজন লোক হলো, আব্বাদ ইবন বিশর এবং উসাইদ ইবন হুদাইর রাদিয়াল্লাহু ‘আনহুমা। এ দুই বিশিষ্ট সাহাবী এক গভীর অন্ধকার রাতে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়সাল্লামের নিকট ছিল। অন্ধকার এতই গভীর ছিল সাধারণত মানুষ এ ধরনের অন্ধাকারে সহজভাবে চলাচল করতে পারে না। আল্লাহ তাদের দুইজনকে এক আশ্চর্য কারামত দ্বারা সম্মানিত করেন। আর তা হলো আল্লাহ তা‘আলা তাদের দু’জনের আগে আগে প্রদীপের ন্যায় এক ধরনের আলো সৃষ্টি করে দেন, যা ছিল বৈদ্যুতিক বাতির মতো। তারা যে পথে চলেন তাদের জন্য সে পথকে তা আলোকিত করে দেয়। তারপর যখন এ দু’জন বিশিষ্ট সাহাবী একে অপর থেকে আলাদা হয়ে গেলেন, তখনও তাদের প্রত্যেকের সঙ্গে আলাদা আলাদা আলো ছিল, যাতে তারা প্রত্যেকেই নিজ নিজ গৃহে সহজে ও নিরাপদে পৌঁছে যেতে পারেন।

https://sunnah.global/hadeeth/bn/show/3466